দৈনিক ইত্তেফাক

তারিখ ... 30 OCT 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র বাতিলের গুজব ঃ বিভিন্ন স্থানে বিক্ষোভ-ভাংচুর-গ্রেফতার

নারায়ণগঞ্জ সংবাদদাতা ॥ এস এস সি পরীক্ষার নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র বাতিল হইতে পারে— এই গুজবকে কেন্দ্র করিয়া স্কুল-ছাত্ররা গতকাল (বৃহস্পতিবার) শহরে মিছিল বাহির করে। মিছিলকারীরা ১৪টি বাস ভাংচুর করে এবং পুলিশের সহিত সংঘর্ষে লিপ্ত হয়। এক পর্যায়ে পুলিশ তোলারাম কলেজে টিয়ার গ্যাস ছোঁড়ে। সংঘর্ষে একজন পুলিশ,

( ২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র

(প্রথম পৃঃ পর)

১০ জন ছাত্র ও ২৫ জন বাসযাত্রী আহত হয়।

সকাল ১১ টায় আই ই টি সরকারী হাইস্কুলের ছাত্ররা মিছিল করিয়া বার একাডেমীতে আসিলে দুইটি স্কুলের ছাত্ররা মিছিল বাহির করে। কোর্ট এলাকায় ছাত্রদের ঘেরাও করিয়া পুলিশ লাঠিচার্জ এবং ১৪ জনকে আটক করে। পরে তোলারাম কলেজের সামনে ছাত্রদের সঙ্গে পুলিশের সংঘর্ষ বাধে। সেখানে পুলিশ টিয়ার গ্যাস ছোঁড়ে।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শামীম ওসমান ও কলেজ ছাত্র সংসদের ভিপি আবু হাসনাত মোহাম্মদ বাদল এক বিবৃতিতে ঘটনার নিন্দা করিয়াছেন।